

স্মারক নং- ৪৬.০০.৮১০০.০০০.৩৬.০০১.২০২৫.৯৫

তারিখঃ ১৮.০৩.২০২৫ খ্রি.।

এককালীন শিক্ষাবৃত্তি প্রদানের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রাজশাহী জেলা পরিষদ কর্তৃক ২০২৪-২০২৫ অর্থবছরের রাজস্ব বাজেটের আওতায় এককালীন শিক্ষাবৃত্তি প্রদানের নিমিত্ত রাজশাহী জেলার স্থায়ী বাসিন্দা ২০২৪ সালের এসএসসি/সমমান এবং ২০২৪ সালের এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাধীনে নির্ধারিত ফরমে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলী :

- আবেদনকারী ছাত্র/ছাত্রী কে অবশ্যই রাজশাহী জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- সাধারণ শিক্ষার্থীদের ক্ষেত্রে ২০২৪ সালের এসএসসি/সমমান এবং ২০২৪ সালের এইচএসসি/সমমান পর্যায়ে জিপিএ ৫.০০ থাকতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধাগণের সন্তান/প্রতিবন্ধী প্রার্থী/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে কমপক্ষে জিপিএ ৪.০০ থাকতে হবে।
- বীর মুক্তিযোদ্ধার সন্তানের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত কপি, প্রতিবন্ধী প্রার্থীর জন্য সমাজসেবা কার্যালয় থেকে প্রদত্ত সনদের সত্যায়িত কপি এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীর জন্য জেলা প্রশাসকের কার্যালয় প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- বৃত্তির আবেদন ফরম জেলা পরিষদ, রাজশাহীর ওয়েবসাইট <https://zprajshahi.gov.bd/zpr/apply> এর মাধ্যমে অনলাইনে পূরণ করতে হবে এবং পূরণকৃত ফর্মের নির্ধারিত স্থানে স্বাক্ষর করতে হবে।
- স্বাক্ষরকৃত ফর্মের সাথে আবেদনকারী ছাত্র/ছাত্রীর নিম্নোক্ত কাগজ-পত্রাদি সংযুক্ত করতে হবে :
 - এসএসসি/সমমান, ২০২৪ অথবা এইচএসসি/সমমান, ২০২৪ পরীক্ষার নম্বরত্রের (মার্কশীট) ফটোকপি;
 - এসএসসি/সমমান, ২০২৪ অথবা এইচএসসি/সমমান, ২০২৪ পরীক্ষার সনদপত্র (সার্টিফিকেট)/রেজিস্ট্রেশন কার্ড/প্রবেশপত্রের ফটোকপি;
 - ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত স্থায়ী নাগরিত্বের সনদপত্র;
 - পিতা/মাতার জাতীয় পরিচয়পত্রের (NID) ফটোকপি;
 - বীর মুক্তিযোদ্ধাগণের সন্তান/প্রতিবন্ধী প্রার্থী/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীর ক্ষেত্রে সনদের সত্যায়িত ফটোকপি;
- অনলাইনে পূরণকৃত বৃত্তি ফর্মের (স্বাক্ষরকৃত) সাথে অন্যান্য কাগজ-পত্রাদি সংযুক্ত করে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রাজশাহী বরাবর সরাসরি/ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে প্রেরণ করতে হবে। অনলাইনে আবেদন শুরু তারিখ ০৬.০৪.২০২৫ এবং আবেদনের শেষ তারিখ ০৮.০৫.২০২৫ খ্রি.।
- আবেদনপত্রে ভুল বা মিথ্যা তথ্য উপস্থাপন করা হলে বা অসম্পূর্ণ আবেদনপত্র দাখিল করা হলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- কর্তৃপক্ষ উল্লিখিত শর্তসমূহ ছাড়া যে কোনো শর্ত সংযোজন/সংশোধন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে। শিক্ষাবৃত্তি সংক্রান্ত যেকোনো তথ্যের জন্য যোগাযোগ: zprajshahi@gmail.com বা মোবাইল নং ০১৬৩৭-৭৫৭৪২৪/০১৭১৭-০০৮৩৫৯ (সকাল ৯ টা হতে বিকেল ৫ টা)।


মু: রেজা হোসান

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, রাজশাহী।

ফোন ০৭২১-৭৭৬৩৪৮ (অফিস)

ইমেইল: zprajshahi@gmail.com